গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৪১/২০১৯-২০২০
ঢাকা, ২৫ আগস্ট রোববার ২০১৯, ১০ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। অধ্যাপক মোজাফফরের কফিনে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় জানাজা, আজ কুমিল্লায় দাফন
২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের বৈঠক
৩। আইভি রহমান স্মারণে মিলাদ মাহফিলে প্রধানমন্ত্রী
৪। নারীমুক্তির জন্য আজীবন কাজ করেছেন আইভি রহমান : মৃত্যুবার্ষিকীর আলোচনায় স্পিকার
৫। মিয়ানমারকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতেই হবে : পররাষ্ট্রমন্ত্রী
৬। রোহিঙ্গাদের ফেরাতে সরকার কৌশলী অবস্থান নিয়েছে : সেতুমন্ত্রী
৭। রোহিঙ্গা প্রতাবাসনে আন্তরিকভাবে কাজ করছে সরকার : স্থানীয় সরকার মন্ত্রী
৮। রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে চাপ অব্যাহত আছে : মার্কিন রাষ্ট্রদূত
৯। রাখাইনে এখনও নির্যাতন চালাচ্ছে সেনাবাহিনী : যুক্তরাষ্ট্রের বিবৃতি
১০। সরকারি হাসপালে বিনামূল্যে ডেঙ্গু চিকিৎসসেবা : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী
১১। রাজনীতিতে জঙ্গিদের পৃষ্ঠপোষকতা অবশ্যই বন্ধ করতে হবে :
জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনায় তথ্যমন্ত্রী
১২। উরুগুয়ের বাণিজ্যমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের বাণিজ্যমন্ত্রীর বৈঠক :
দক্ষিণ আমেরিকার দেশসমূহের সঙ্গে বাণিজ্য বৃদ্ধির বিষয়ে আলোচনা
১৩। প্রবীণদের জন্য সব জেলায় নির্মিত হচ্ছে শান্তি নিবাস : সমাজকল্যাণমন্ত্রী
১৪। বাংলাদেশের হাইকমিশানরে সঙ্গে বৈঠক : প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা নাইজেরিয়ার উপরাষ্ট্রপতির

চলমান পাতা-২

১। **অধ্যাপক মোজাফফরের কফিনে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**
সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় জানাজা, আজ কুমিল্লায় দাফন

মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য ও ন্যাপ সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদের প্রথম নামাজে জানাজা গতকাল (২৪ আগস্ট শনিবার) সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হয়েছে। জানাজা শেষে মরহুমের কফিনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের পক্ষে তাঁর সহকারী সামরিক সচিব ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। অধ্যাপক মোজাফফর আহমদকে গার্ড অভ্ অনার ও রাষ্ট্রীয় সালাম প্রদান করা হয়। এ সময় এক মিনিট নীরবতা পালন করা হয় ও মরহুমের আত্মার শান্তি কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। আজ (২৫ আগস্ট রোববার) কুমিল্লার দেবিদ্বার উপজেলায় এলাহাবাদ গ্রামে পারিবারিক কবরস্থানে তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের বৈঠক**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের বৈঠক গতকাল (২৪ আগস্ট শনিবার) ধানমণ্ডির বঙ্গবন্ধু ভবনে অনুষ্ঠিত হয়েছে। ট্রাস্টের চেয়ারপারসন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে ট্রাস্টের যাবতীয় সমাজ কল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে পর্যালোচনা করা হয় এবং এর বিভিন্ন প্রকল্প দ্রুত এগিয়ে নেয়ার সিদ্ধান্ত হয়। সূত্র **: জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেডেন্ট** (পৃ.২,ক.১)।

৩। **আইভি রহমান স্মারণে মিলাদ মাহফিলে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহত আওয়ামী লীগের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক আইভি রহমানের ১৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আয়োজিত মিলাদ মাহফিলে অংশগ্রহণ করেন। গতকাল (২৪ আগস্ট শনিবার) বাদ আসর কনকর্ডে অনুষ্ঠিত মিলাদ ও দোয়া মাহফিলে অংশ নিয়ে তিনি আইভি রহমানসহ নিহত সবার রুহের মাগফিরাত কামনা করেন। প্রধানমন্ত্রী আইভি রহমানের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন এবং সমবেদনা জানান। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৪। **নারীমুক্তির জন্য আজীবন কাজ করেছেন আইভি রহমান : মৃত্যুবার্ষিকীর আলোচনায় স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আইভি রহমান নারীদের রাজনীতিতে এগিয়ে নিতে কাজ করে গেছেন। আন্দোলন-সংগ্রামের পাশাপাশি গঠনমূলক কাজও করেছেন। নারীমুক্তি ও কল্যাণে আজীবন কাজ করেছেন তিনি। রাজনীতিতে নারী নেতৃত্বের উত্থানে তাঁর অবদান নারীদের কাছে অনুকরণীয় হয়ে থাকবে। গতকাল (২৪ আগস্ট শনিবার) মহিলা সমিতির আইভি রহমান মিলনায়তনে বেগম আইভি রহমানের ১৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত স্মরণসভায় তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৫। **মিয়ানমারকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতেই হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন, মিয়ানমার রোহিঙ্গাদের মধ্যে আস্থা তৈরি করতে পারেনি বলেই তারা তাদের দেশে ফিরতে রাজি হচ্ছে না। তবে দেশটির ওপর চাপ সৃষ্টি অব্যাহত রয়েছে। তাদের রোহিঙ্গাদের ফিরিয়ে নিতেই হবে। আর তাদেরও ফিরে যেতে হবে। সিলেটে গতকাল (২৪ আগস্ট শনিবার) একটি অনুষ্ঠানে যোগদানের আগে সাংবাদিকদের এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী বলেন, সব প্রস্তুতি থাকা সত্ত্বেও রোহিঙ্গারা ফিরতে রাজি না হওয়ায় গত ২২ আগস্ট বৃহস্পতিবার দ্বিতীয়বারের মতো প্রত্যাবাসন প্রক্রিয়া ভেস্তে যায়। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, রাখাইনে চীন ১০০টি ও ভারত ২৫০টি বাড়ি বানিয়ে দিয়েছে। সেগুলো দেখে এসে তারা যখন অন্য রোহিঙ্গাদের বলত, তখন তারা আশ্বস্ত হতো। প্রত্যাবর্তনে রাজি হতো। কিন্তু মিয়ানমার সেটা করেনি। তাই প্রত্যাবর্তনে ব্যর্থতার দায় মিয়ানমারের। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

৬। **রোহিঙ্গাদের ফেরাতে সরকার কৌশলী অবস্থান নিয়েছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিশ্বে মিয়ানমারেরও শক্তিশালী বন্ধু থাকার বিষয়টি মাথায় রেখে রোহিঙ্গাদের ফেরাতে সরকার কৌশলী অবস্থান নিয়েছে। গতকাল (২৪ আগস্ট শনিবার) রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিআরটিসি শ্রমিক কর্মচারী লীগের উদ্যোগে আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনায় তিনি আরো বলেন, মিয়ানমার সরকার সেখানে পরিবেশ সৃষ্টি করেনি। এছাড়া নিরাপত্তার পরিবেশ সৃষ্টি করেনি, নাগরিকত্বের মতো বিষয়টিরও সুরাহা করতে পারেনি। এজন্য তাদের বিশ্বাস করতে পারেনি রোহিঙ্গারা। তারা অত্যাচারিত, নির্যাতিত হয়েছে। এর দায় মিয়ানমার সরকারকে নিতে হবে। সেজন্য আমরা আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখব। সে কৌশলে এগিয়ে যাচ্ছি আমরা। **সূত্র : ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১.ক.২)।

৭। রোহিঙ্গা প্রতাবাসনে আন্তরিকভাবে কাজ করছে : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার মন্ত্রী মো: তাজুল ইসলাম বলেছেন, ডেঙ্গু মোকাবিলায় দায়বদ্ধদের অপমান অপদস্থ না করে বরং জীবন বিপন্নকারী সমস্যা সমাধানে জন্য কাজ করা সুযোগ দিতে হবে। আর সকলে একত্রিত হয়ে কাজ করলে যে কোনো সমস্যার সধাধান করা সম্ভব। তিনি আরো বলেন, রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবসান করা উত্তম। সরকার রোহিঙ্গা প্রতাবাসনে আন্তরিকভাবে কাজ করছে। জাতিসংঘের বিভিন্ন সংস্থাও এ সমস্যা সমমাধানে কাজ করছে। গতকাল (২৪ আগস্ট শনিবার) হবিগঞ্জ সার্কিট হাউসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : জনকণ্ঠ (পৃ.৪ ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

৮। রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে চাপ অব্যাহত আছে : মার্কিন রাষ্ট্রদূত

বাংলাদেশে মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, রোহিঙ্গাদের নিজ দেশে স্বেচ্ছা, মর্যাদাপূর্ণ, নিরাপদ ও স্থায়ী প্রত্যাবাসন চায় যুক্তরাষ্ট্র। এজন্য যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশ একসঙ্গে কাজ করবে। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রয়েছে। ইতোমধ্যে মিয়ানমারের সেনাপ্রধানসহ শীর্ষ সেনা কর্মকর্তাদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। গতকাল (২৪ আগস্ট শনিবার) কুড়িগ্রামের চিলমারী উপজেলার অষ্টমীর চর ইউনিয়নের প্রত্যন্ত নটারকান্দি গ্রামে বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে ত্রাণ সহায়তা বিতরণকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন মার্কিন রাষ্ট্রদূত। মার্কিন রাষ্ট্রদূত রোহিঙ্গা ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ লাখ লাখ রোহিঙ্গার জন্য সীমান্ত খুলে দিয়েছে, যা প্রশংসার দাবিদার। রোহিঙ্গাদের সাহায্যে যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশের পাশে আছে। **সূত্র : ইত্তেফাক (** শেষ পৃ.,ক.৬**), সমকাল** (পৃ.১৯,ক.১)।

৯। রাখাইনে এখনও নির্যাতন চালাচ্ছে সেনাবাহিনী : যুক্তরাষ্ট্রের বিবৃতি

যুক্তরাষ্ট্র সরকার বলেছে, মিয়ানমার সেনাবাহিনীর জবাবদিহি ও তাদের ওপর বেসামরিক কর্তৃপক্ষের নজরদারি না থাকায় রাখাইনে এখনও সেনারা নির্যাতন চালাচ্ছে। পাশাপাশি কচিন ও শান রাজ্যসহ দেশটির বিভিন্ন স্থানেও বিরাজ করছে একই অবস্থা। যুক্তরাষ্ট্র রোহিঙ্গাদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করা এবং স্বেচ্ছায় তাদের প্রত্যাবাসনের পরিবেশ সৃষ্টির জন্য কাজ করে যাবে। এ কাজে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতিও আহ্বান জানিয়েছে দেশটি। গতকাল (২৪ আগস্ট শনিবার) দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মর্গান অর্তেগাসের এক বিবৃতিতে এসব কথা বলা হয়। সূত্র **: সমকাল** (পৃ.৩,ক.১)।

১০। সরকারি হাসপালে বিনামূল্যে ডেঙ্গু চিকিৎসসেবা : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক ডেঙ্গু নিয়ে বলেছেন, আপনারা আপনাদের বাড়ির আশপাশ পরিষ্কার পরিছন্ন রাখবেন। ডেঙ্গু শুধু আমাদের দেশে নয় বিশ্বের প্রায় সব দেশেই ছড়িয়ে পড়েছে। তিনি বলেন, এ পর্যন্ত ৬০ হাজার লোক ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে আর মারা গেছে ৪৭ জন। ডেঙ্গু আক্রান্ত হলেই নিকটতম সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা নিতে পারবেন। ডেঙ্গু রোগের ওষুধের কোনো সমস্যা নেই। দেশের প্রতিটি সরকারি হাসপাতালে ডেঙ্গুর ওষুধ দেয়া হয়েছে বলে তিনি জানান। গতকাল (২৪ আগস্ট শনিবার) মানিকগঞ্জের সরকারি সাটুরিয়া আদর্শ পাইলট উচ্চবিদ্যালয় মাঠে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী উপলক্ষে উপজেলা আওয়ামী লীগ আয়োজিত শোকসভা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.৪)।

১১। রাজনীতিতে জঙ্গিদের পৃষ্ঠপোষকতা অবশ্যই বন্ধ করতে হবে :
জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনায় তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, দেশের রাজনৈতিক ব্যবস্থা পরিচ্ছন্ন ও সুন্দর করতে অবশ্যই রাজনীতিতে জঙ্গি ও খুনিদের পৃষ্ঠপোষকতা বন্ধ করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষে নগরীর তেজগাঁওয়ে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (বিএফডিসি) মিলনায়তনে গতকাল (২৪ আগস্ট শনিবার) আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

১২। উরুগুয়ের বাণিজ্যমন্ত্রীর সঙ্গে বাংলাদেশের বাণিজ্যমন্ত্রীর বৈঠক :
দক্ষিণ আমেরিকার দেশসমূহের সঙ্গে বাণিজ্য বৃদ্ধির বিষয়ে আলোচনা

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বাংলাদেশ বিশ্ববাণিজ্যে দ্রুত এগিয়ে যাচ্ছে। উরুগুয়েসহ মার্কোসারভুক্ত দেশগুলোর সাথে বাণিজ্য বৃদ্ধি করতে আগ্রহী। দক্ষিণ আমেরিকার বাণিজ্যিক জোট মার্কোসার (ব্রাজিল, আর্জেন্টিনা, প্যারাগুয়ে ও উরুগুয়ের সমন্বয়ে গঠিত) ভুক্ত দেশগুলোতে বাংলাদেশের তৈরি পোশাকে বিপুল চাহিদা রয়েছে। বাংলাদেশ উচ্চ আমদানি শুল্কহারের কারণে পণ্য রপ্তানি করতে পাচ্ছে না। এ আমদানি শুল্কহার কমানোর বিষয়ে উরুগুয়ে সরকার পদক্ষেপ গ্রহণ করলে উভয় দেশের মধ্যে বাণিজ্য বৃদ্ধি করা সম্ভব। গতকাল (২৪ আগস্ট শনিবার) বাণিজ্য মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, উরুগুয়ে সফররত বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি গত ২৩ আগস্ট শুক্রবার মনটিভিডেওতে উরুগুয়ের পররাষ্ট্র ও বাণিজ্যমন্ত্রী রোডালফো নিন নোভোয়ার সাথে আনুষ্ঠানিক বৈঠকে এসব কথা বলেন। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৩), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

১৩। প্রবীণদের জন্য সব জেলায় নির্মিত হচ্ছে শান্তি নিবাস : সমাজকল্যাণমন্ত্রী

সমাজকল্যাণমন্ত্রী নূরুজ্জামান আহমেদ বলেছেন, বর্তমান সরকার প্রবীণ জনগোষ্ঠীর নিরাপদ জীবন নিশ্চিতে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। এরই অংশ হিসেবে দেশের ৬৪ জেলায় অসহায় প্রবীণদের নিরাপদ জীবনের জন্য শান্তি নিবাস চালু করতে যাচ্ছে। তিনি জানান, এসব নিবাসে বিনোদনসহ নিরাপদে বসবাসের সব সুবিধা রাখা হবে। গতকাল (২৪ আগস্ট শনিবার) রাজধানীর আগারগাঁও সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.১)।

১৪। বাংলাদেশের হাইকমিশানরে সঙ্গে বৈঠক : প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা নাইজেরিয়ার উপরাষ্ট্রপতির

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদৃষ্টি সম্পন্ন নেতৃত্বের প্রশংসা করে বাংলাদেশ এবং নাইজেরিয়ার মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেছেন নাইজেরিয়ার উপ-রাষ্ট্রপতি ইয়েমি ওছিনবাজো। গত ২৩ আগস্ট শুক্রবার নাইজেরিয়ার উপ-রাষ্ট্রপতি তাঁর অফিসে নাইজেরিয়ায় বাংলাদেশের হাইকমিশনার মো. শামীম আহসানের সঙ্গে স্বাক্ষাৎকালে এ মন্তব্য করেন বলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র **: সংবাদ** (শেষ পৃ.ক.৫)**, বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

সম্পাদকীয়

ক. **সংবাদ :** সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য স্বতন্ত্র মন্ত্রণালয় ও কোর কমিটি গঠনের দাবি জানিয়েছে জন্মাষ্ঠমী উদ্‌যাপন পরিষদ বাংলাদেশ উল্লেখ করে এ ব্যাপারে বিবেচনার সুপারিশ।

খ. **যুগান্তর :** বর্তমানে দেশের প্রধান নৌরুট ঢাকা-বরিশালসহ অন্য রুটগুলোতে নাব্য সংকট, ডুবোচর ও বিভিন্ন সময় দুর্ঘটনায় ডুবে যাওয়ার পর উদ্ধার না করা নৌযানগুলো বড় ধরনের সমস্যা হিসেবে আবির্ভূত হয়েছে উল্লেখ করে এ অবস্থায় নৌরুট চালু রাখা, নাব্য সংকট মোকাবিলা ও নদীর জীববৈচিত্র্য ঠিক রাখার জন্য নদী খনন ও অভিন্ন নদীর পানিবন্টনের সমস্যাগুলো অগ্রাধিকার ভিত্তিতে সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিক বার্তা** : গ্যাস সরবরাহ বন্ধ থাকায় ২১ দিন ধরে উৎপাদনহীন কর্ণফুলী পেপার মিলস উল্লেখ করে অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে শিল্প-কারখানাগুলোতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** শিল্প-কারখানা ও হাসপাতালের বিষাক্ত কেমিকেল বর্জ্য, গৃহস্থালি ও পয়ঃনিষ্কাশনের অপরিশোধিত বর্জ্যের কারণে দেশের নদ-নদীগুলোর দখল-দূষণ বছরের পর বছর ধরে চলছে উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্টদের কার্যকর পদক্ষেপ নেওয়ার পরামর্শ।

ঙ. **ইত্তেফাক :** ত্রিশাল–ফুলবাড়িয়া সড়কের পোড়াবাড়ী বাজারের নিকটে খিরু নদীর ওপরে **১৯৮২** সালে নির্মিত বেইলি ব্রিজটি ঝুঁকিপূর্ণ উল্লেখ করে সারাদেশে এ ধরনের ঝুঁকিপূর্ণ ব্রিজগুলো সংস্কারের ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** ডেঙ্গুর প্রাদুর্ভাবরোধে সচেতনতার আহ্বান।

উপসম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কিভাবে শব্দ দূষণ এড়ানো যায় সে সম্পর্কে ব্যাপক জনশিক্ষার প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'ডেঙ্গুতে আতঙ্ক নয়, ডেঙ্গু ভালো হয়'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, চারপাশ পরিষ্কার-পরিছন্ন রাখলে ডেঙ্গু জ্বরের পাশাপাশি মশাজনিত অন্যান্য সব রোগ হতে আমরা নিরাপদে থাকব।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা